

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

তারিখ : ২৫ জুন, ২০০২
স্থান : সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড
সভাপতি : কর্ণেল মোঃ সাইদুর রহমান, বিপি
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

- | | | | |
|-----|--|----|-------|
| (১) | কমান্ডার আমিনুর রহমান
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (২) | উইং কমান্ডার শাহে আলম, পিএসসি
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) | লেঃ কর্ণেল মোঃ আব্দুস সালাম
সিএমইএস (আর্মি)
ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৪) | জনাব মোঃ আজিজ খান
১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা
ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৫) | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ
৩৪৬, বারিধারা ডিওএইচএস
ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে
নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :-

প্রস্তাব নং-১ : বিগত ২৮ মে, ২০০২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত : বিগত ২৮ মে, ২০০২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনান্তে দৃঢ়করণ করা হলো।

প্রস্তাব নং- ২ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মে, ২০০২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মে, ২০০২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

চলমান পাতা - ২

প্রস্তাব নং-৩ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০১-২০০২ সালের প্রস্তাবিত সংশোধিত বাজেট পর্যালোচনা ও অনুমোদন।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০১-২০০২ সালের প্রস্তাবিত সংশোধিত বাজেট আলোচনান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-৪ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০২-২০০৩ সালের প্রস্তাবিত মৌলিক বাজেট পর্যালোচনা ও অনুমোদন।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০২-২০০৩ সালের প্রস্তাবিত মৌলিক বাজেটের উপর বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে বাজেটে প্রস্তাবিত নতুন পদসমূহ সৃষ্টি এবং প্রস্তাবিত নতুন প্রকল্পসহ উক্ত বাজেটটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবিত বাজেটটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-৫ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মে, ২০০২ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মে, ২০০২ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

প্রস্তাব নং-৬ : বাবার কবরের পাশে মায়ের কবরের জন্য জায়গা নির্ধারিত রাখার ব্যাপারে মোহাম্মদ জহিরুল ইসলাম, ৯৯ বশির উদ্দিন রোড, কলা বাগান, ঢাকা -এর ১০/৬/২০০২ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। আবেদনপত্রখানা পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বাবার কবরের পাশে মায়ের কবরের জন্য জায়গা নির্ধারিত রাখার ব্যাপারে মোহাম্মদ জহিরুল ইসলাম, ৯৯ বশির উদ্দিন রোড, কলা বাগান, ঢাকা -এর ১০/৬/২০০২ তারিখের আবেদনের উপর আলোচনান্তে বিশেষ বিবেচনায় মানবিক কারণে জনাব মোঃ জহিরুল ইসলাম এর বাবার কবরের পাশে তাঁর মায়ের কবরের জন্য জায়গা সংরক্ষনের অনুমোদন দেয়া গেল। তবে কোন ক্রমেই তা পাকা করা যাবে না। উল্লেখ্য যে, সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৯/১১/১৯৯৭ তারিখের ৩৯০১/৪/ঢাকা/ইউ/এমকিউ-২ নং সেনানিবাস কবরস্থানের নীতিমালার আলোকে কবরস্থানের জন্য অগ্রিম জায়গা সংরক্ষনের ব্যাপারে কোন বিধি-নিষেধ না থাকলেও ভবিষ্যতে কবরের জন্য জায়গা সংরক্ষনের অনুমোদন না দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলে।

প্রস্তাব নং-৭ : রজনীগন্ধা সুপার মার্কেটের হকারদের জন্য নির্ধারিত হার্ডস্ট্যান্ডসমূহ ০১ জুলাই, ২০০২ হতে ৩০ জুন, ২০০৩ পর্যন্ত ০১(এক) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্তে গত ১৩/৬/২০০২ ইং তারিখে দরপত্র আহবান করা হয়। উক্ত ইজারায় ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব সৈয়দ ফজলুল করিম, সিবি-২০৬/এ, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা ক্যান্টনমেন্ট কর্তৃক প্রদত্ত সর্বমোট ৪,১৬,০০০/- (চার লক্ষ ষোল হাজার) টাকার দর ঘটনোত্তর অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে অত্র দপ্তরের ১৭/৬/২০০২ ইং তারিখের মিনিটশীট উপস্থাপন করা হলো। এছাড়া উক্ত হার্ডস্ট্যান্ড ইজারার ব্যাপারে ১৫/৬/২০০২ তারিখে জনাব মোঃ মুরাদ হোসেন কর্তৃক ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ) টাকার একটি আবেদন পাওয়া গিয়েছে। উক্ত আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

চলমান পাতা - ৩

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টি বিস্তারিত পর্যালোচনাতে জনাব সৈয়দ ফজলুল করিম সিবি-২০৬/এ, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা ক্যান্টনমেন্ট কর্তৃক ০১ জুলাই, ২০০২ হতে ৩০ জুন, ২০০৩ পর্যন্ত রজনীগন্ধা সুপার মার্কেটের নির্ধারিত হার্ডস্ট্যান্ড/ভিটিসমূহ ইজারা বাবদ প্রদত্ত সর্বোচ্চ মোট ৪,১৬,০০০/- (চার লক্ষ ষোল হাজার) টাকার দর ঘটনোত্তর অনুমোদন করা হলো। এ ছাড়া জনাব মোঃ মুরাদ হোসেন কর্তৃক তার ১৫/৬/২০০২ইং তারিখের আবেদনের মাধ্যমে উক্ত হার্ডস্ট্যান্ডগুলি ইজারা নেয়ার ব্যাপারে ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকার যে প্রস্তাব করা হয়েছে উহা বিবেচনা করার কোন অবকাশ নেই। কেননা উক্ত ব্যক্তি গত ২০/৫/২০০২ইং তারিখে একই হার্ডস্ট্যান্ড এর জন্য ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকার সর্বোচ্চ দর প্রদান করেছিলেন বিধায় ১৩/৬/২০০২ ইং তারিখে অনুষ্ঠিত দরপত্রে অংশ গ্রহণ না করে ১৫/৬/২০০২ইং তারিখে তার আবেদনের মাধ্যমে ৪,৫০,০০০/- টাকা প্রস্তাব করা উদ্দেশ্য প্রনোদিত বলে বোর্ড মনে করে।

প্রস্তাব নং-৮ : রজনীগন্ধা সুপার মার্কেটের উচ্ছেদ অভিযানের সময় ফুটপাথ, রাস্তা এবং যত্রতত্র বসা হকারদের জন্মকৃত মালামালসমূহ নিলামে বিক্রয়ের নিমিত্তে গত ১৩/৬/২০০২ ইং তারিখে দরপত্র আহবান করা হলে ৪(চার)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব রফিকুল হক (বাবু), ১/১, উত্তর কাফরুল, ঢাকা ক্যান্টনমেন্ট কর্তৃক প্রদত্ত সর্বোচ্চ ৩৬,৪০০/- (ছত্রিশ হাজার চারশত) টাকার দর ঘটনোত্তর অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে অত্র দপ্তরের ১৭/৬/২০০২ ইং তারিখের মিনিটশীট উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টি বিস্তারিত আলোচনাতে জনাব রফিকুল হক (বাবু), ১/১ উত্তর কাফরুল, ঢাকা ক্যান্টনমেন্ট কর্তৃক উচ্ছেদ অভিযানে জন্মকৃত মালামালসমূহ নিলামে বিক্রয়ের ব্যাপারে প্রদত্ত সর্বোচ্চ ৩৬,৪০০/- (ছত্রিশ হাজার চারশত) টাকার দর সর্বসম্মতক্রমে ঘটনোত্তর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং- ৯ : ডিওএইচএস মহাখালী এলাকায় ৪৮৩ নং বাড়ীর ৪র্থ তলা ০১/৫/২০০১ইং হতে ৩১/৩/২০০২ ইং পর্যন্ত ১১ (এগার) মাস খালী থাকায় উক্ত বাড়ীর মালিক মিসেস নাসরিন সাইদ -এর স্বামী গ্রুপ ক্যান্টেন সাইদুর রহমান -এর আবেদনের প্রেক্ষিতে উক্ত বাড়ীর গৃহকর ১০,৬২৫/- (দশ হাজার ছয়শত পঁচিশ)টাকার স্থলে খালী সময়ের গৃহকর বাদ দিয়ে শুধুমাত্র ২০০১-২০০২ সনের জন্য মোট ৬,৬৪১/- (ছয় হাজার ছয়শত একচল্লিশ) টাকা পুনঃ নির্ধারণ করায় উহা ঘটনোত্তর অনুমোদন করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে ১৭/৬/২০০২ ইং তারিখের মিনিটশীট উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টি বিস্তারিত আলোচনাতে যেহেতু প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ইতোপূর্বে মিনিটশীটের মাধ্যমে ৬,৬৪১/- (ছয় হাজার ছয়শত একচল্লিশ) টাকা পুনঃনির্ধারণকৃত গৃহকর অনুমোদন করায় উহা ঘটনোত্তর অনুমোদন করা হলো। তবে ভবিষ্যতে এ প্রকৃতির যে কোন বিষয়ে গঠিত রিভিউ কমিটি কর্তৃক চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং- ১০ : সিএসডি প্রধান কার্যালয়ের নিকট ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ৮৪ নং ব্রডওয়ে বিল্ডিং -এর ভাড়া ও পানি বিল বাবদ ৯,২০,৭০০/- (নয় লক্ষ বিশ হাজার সাতশত) টাকা টাকা ক্যান্টনমেন্ট বোর্ড পাওনা রয়েছে। উক্ত পাওনা টাকা মওকুফ করার জন্য সেনা সদর, কিউ এম জি শাখা (সমন্বয়), ঢাকা সেনানিবাসের ২১/৫/২০০২ ইং তারিখের ৩৯০৬/আর/সিএসডি নং পত্রের মাধ্যমে ক্যান্টনমেন্ট বোর্ডকে অনুরোধ জানান হয়। এ ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য সেনা সদর, কিউ এম জি শাখা, ঢাকা সেনানিবাসের উপর্যুক্ত পত্র উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টি বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে জানা যায় যে, সিএসডি'র নিকট পাওনা ৯,২০,৭০০/- (নয় লক্ষ বিশ হাজার সাতশত) টাকা অবলোপন করার ক্ষমতা বোর্ড এবং পরিচালক, সামরিক ভূমি সেনানিবাস অধিদপ্তরের নেই। তবে উহা অবলোপনের ব্যাপারে প্রতিরক্ষা মন্ত্রণালয় ক্ষমতাবান প্রক্রিয়োগতভাবে খুবই জটিল। এ ছাড়া এব্যাপারে নিরীক্ষা আপত্তি উত্থাপনের সম্ভাবনা খুবই বেশি। বিষয়টি বোর্ডসভায় বিস্তারিত আলোচনান্তে সিএসডি, প্রধান কার্যালয়ের নিকট হতে উক্ত বকেয়া বাবদ ৯,২০,৭০০/- টাকা কত কিস্তিতে নিয়মিতভাবে পরিশোধে ইচ্ছুক এ ব্যাপারে কিউএমজি শাখা(সমন্বয়), ঢাকা সেনানিবাসের পত্র যোগাযোগ করে উহা চূড়ান্ত করার জন্য সি ইও, ঢাকাকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং- ১১ : অত্র দপ্তরের অফিস ক্যান্টিনটি গত ০৫/৬/২০০২ ইং তারিখের স্থানীয় বিজ্ঞপ্তির মাধ্যমে ১৫/৬/২০০২ ইং তারিখে মাসিক ভাড়ার ভিত্তিতে দরপত্র আহবান করা হয়। এ ব্যাপারে ৫(পাঁচ)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব আঃ হাকিম, ৪১১ দক্ষিণ কাফরুল, ঢাকা ক্যান্টনমেন্ট কর্তৃক প্রদত্ত মাসিক সর্বোচ্চ ৩,৫২৫/- (তিন হাজার পাঁচশত পঁচিশ) টাকার দরপত্র অনুমোদনকরণ। এ ব্যাপারে উক্ত দরপত্রের তুলনামূলক বিবৃতি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টি বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের ক্যান্টিনটি ০১ জুলাই, ২০০২ হতে ৩০ জুন, ২০০৩ পর্যন্ত সময়ের জন্য জনাব আবদুল হাকিম, ৪১১ দক্ষিণ কাফরুল, ঢাকা ক্যান্টনমেন্ট কর্তৃক প্রদত্ত মাসিক সর্বোচ্চ ৩,৫২৫/- (তিন হাজার পাঁচশত পঁচিশ) টাকার দরপত্র অনুমোদন করা হলো। ক্যান্টিন ইজারা লাভকারীকে ক্যান্টিনের মাসিক ভাড়া প্রত্যেক চলতি মাসের প্রথম সপ্তাহে পরিশোধ করতে হবে। এছাড়া বোর্ডের প্রয়োজনে ১৫(পনের) দিনের নোটিশে ক্যান্টিন ছেড়ে দিতে হবে।

প্রস্তাব নং- ১২ : ক্যান্টনমেন্ট বোর্ডের ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স গাজী এন্ড কোং লিঃ, ১৮৯/৫ ইব্রাহিমপুর, ঢাকা ক্যান্টনমেন্ট-এর তালিকাভুক্তি নবায়নকরণ এবং সেনানিবাসে প্রবেশের উপর নিষেধাজ্ঞা প্রত্যাহার প্রসংগে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৭ এপ্রিল, ২০০২ তারিখের ৬২৪/১/এ/১ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ (পত্রটি সভায় পেশ করা হলো)।



চলমান পাতা - ৫

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনার উপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, ক্যান্টনমেন্ট বোর্ডের ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স গাজী এন্ড কোং লিঃ, ১৮৯/৫ ইব্রাহিমপুর, ঢাকা ক্যান্টনমেন্ট এর তালিকাভুক্তি নবায়নকরণ এবং সেনানিবাসে প্রবেশের উপর নিষেধাজ্ঞা প্রত্যাহারের ব্যাপারে সেনাসদর, এজি শাখা, পিএস পরিদপ্তর, ঢাকা সেনানিবাস হতে সিদ্ধান্ত পাওয়ার পর সে অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে।

প্রস্তাব নং- ১৩ : মেসার্স গাজী এন্ড কোং লিঃ, ১৮৯/৫, ইব্রাহিমপুর, ঢাকা সেনানিবাস -এর মালিক জনাব এ কে এম পাটোয়ারীকে সেনানিবাস এবং সেনানিবাসের আওতাভুক্ত এলাকায় অবাঞ্ছিত ঘোষণাকরণ প্রসঙ্গে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ৩২ সেনানিবাস বাজার এলাকা, ঢাকা সেনানিবাসের ১৪/৫/২০০২ তারিখের ১৩০০/৭০/১/এফ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। পত্রটি বোর্ডসভায় পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনা ১২ এর গৃহীত সিদ্ধান্তের অনুরূপ।

প্রস্তাব নং- ১৪ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণ :

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী	সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম	সর্বনিম্ন উদ্ধৃত দর	সি এম ইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর
(১)	বারিধারা ডিওএইচএস এলাকার পুট নং ৪৮৫ হতে ৪৯৫/বি, ৪৮৯ হতে ৪৯১/এ, ৪৭৩ হতে ৫১৪ পর্যন্ত ৩(তিন)টি রাস্তা মেরামত ও কার্পেটিংকরণ।	৩,৮৫,০৯২/-	মেসার্স প্রগতি প্রকৌশলী	০৫(পাঁচ)% নিম্নে	০৫(পাঁচ)% নিম্নে।
(২)	ঢাকা সেনানিবাসের শহীদ সরণির ডেসা কর্তৃক কর্তনকৃত রাস্তা মেরামতকরণ (গেইট ও ক্রোস রোডের জন্য)।	৯২,৮২৯/-	মেসার্স আজিজ কর্পোরেশন	৩০.৭৫(ত্রিশ দশমিক সাত পাঁচ)% উর্ধ্ব	২১(একুশ)% উর্ধ্ব।
(৩)	ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ১ নং সড়কের ১৩ নং বাড়ীর সম্মুখে ড্রেন ও কালভার্ট নির্মাণ।	৪২,৬৭৬/-	মেসার্স শাহাব উদ্দিন এন্টারপ্রাইজ	৩০.৭৫(ত্রিশ দশমিক সাত পাঁচ)% উর্ধ্ব	১৮(আঠার)% উর্ধ্ব।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। বোর্ডের কারিগরী সদস্য সিএমইএস (আর্মি) সভাকে অবহিত করেন যে, বর্তমানে চলমান এমইএস এর অনুরূপ কাজের সহিত সামঞ্জস্য রেখে কাজগুলির সর্বনিম্ন দর নির্ধারণ (ভেটিং) করা হয়েছে। সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত ক্রমিক নং ২ ও ৩ এর নিম্নবর্ণিত দরসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। ক্রমিক নং ১ ব্যতীত বাকী দুইটি কাজের ক্ষেত্রে উক্ত অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে তাদের সম্মতিপত্র গ্রহণপূর্বক সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ব্যয়ের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হোক :-

চলমান পাতা - ৬

সিইও

(২) ২১(একুশ)% উর্ধ্বদর অনুমোদিত।

(৩) ১৮(আঠার)% উর্ধ্বদর অনুমোদিত।

ক্রমিক নং ১ এর কাজের ব্যাপারে বোর্ডের কারিগরী সদস্য সিএমইএস(আর্মি) সভায় জানান যে, ঠিকাদার কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর বাস্তবসম্মত নহে বিধায় ভেটিং করা হয়নি। কিন্তু উক্ত কাজের দরপত্র সিডিউলে যথাযথ তথ্য অন্তর্ভুক্ত ছিল বিধায় বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ঠিকাদার কর্তৃক প্রদত্ত নিম্নোক্ত সর্বনিম্ন দর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ব্যয়ের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে কার্যাদেশ দেওয়া হোক :-

(১) ৫(পাঁচ)% নিম্নদর অনুমোদিত।

তাছাড়া, কাজের গুণগত মান নিশ্চিতকরণসহ স্পেসিফিকেশন অনুযায়ী প্রকল্পের কাজ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্নকরণের নিমিত্তে নিম্নোক্তভাবে একটি তদারকি কমিটি গঠন করা হলো। উক্ত কমিটির সুপারিশ ছাড়া সংশ্লিষ্ট কাজের চূড়ান্ত বিল পরিশোধ না করার সিদ্ধান্ত গৃহীত হলো :-

(ক) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ
৩৪৬, বারিধারা ডিওএইচএস
ঢাকা সেনানিবাস
ও
সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

- সভাপতি।

(খ) প্রতিনিধি
সিএমইএস(আর্মি)
ঢাকা সেনানিবাস।

- সদস্য।

(গ) ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

- সদস্য।

প্রস্তাব নং- ১৫ : ক্যান্টনমেন্ট বোর্ড বিল্ডিং নং-৭ ("সাতুসে" অধিদপ্তর) -এর দোতলার উপর ৩য় তলার নির্মাণ কাজের সংশোধিত মূল্যানুমান অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ড বিল্ডিং নং-৭ (সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর) এর দোতলার উপর তৃতীয় তলা নির্মাণ কাজের জন্য ২৪,৭৬,০৩১.৪৬ (চব্বিশ লক্ষ ছিয়াত্তর হাজার একত্রিশ টাকা ছেচল্লিশ পয়সা) টাকার সংশোধিত মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য উহা সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। মূল্যানুমান ও নকশা বহির্ভূত যাবতীয় কাজ একই ভবনের সংশ্লিষ্ট হওয়ায় অতিরিক্ত কাজও নিয়োজিত ঠিকাদার দ্বারা সম্পন্ন করা যুক্তিযুক্ত বিধায় উহা অনুমোদন করা হলো।


সিইও

চলমান পাতা - ৭

প্রস্তাব নং- ১৬ ঢাকা সেনানিবাস আবাসিক এলাকায় বেসমেন্ট ফ্লোর তৈরীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। গত ২৮ মে, ২০০২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার প্রস্তাব নং-০৪৪-বিবিধ (৫) এর সিদ্ধান্তের আলোকে আবাসিক এলাকায় বেসমেন্ট ফ্লোর নির্মাণের ক্ষেত্রে রাজউক নিয়ন্ত্রিত আবাসিক এলাকায় কি নিয়ম-নীতি অনুসরণ করা হয় তা জানার জন্য রাজউক এর বিল্ডিং বাইল'জ এর একটি কপি সংগ্রহ করার জন্য বলা হয়। ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ইমারত নির্মাণ বিধিমালা, ১৯৯৬ সংগ্রহ করে উহা বোর্ডসভায় উপস্থাপন করা হয়। বিশেষ শর্তাধীনে বেসমেন্ট ফ্লোর নির্মাণের জন্য ইমারত নির্মাণ বিধিমালা, ১৯৯৬ (রাজউক) এর অনুচ্ছেদ ১৪ এ উল্লেখ আছে। কিন্তু ক্যান্টনমেন্ট বোর্ডের বিল্ডিং বাইল'জ-১৯৯৪ এবং সংশোধিত ১৯৯৯ এ বেসমেন্ট ফ্লোর নির্মাণের কোন ব্যবস্থা নেই। উপরন্তু ৩১ অক্টোবর, ২০০১ তারিখে ডিওএইচএস কমিটির ৩২তম সভার আলোচ্যসূচী নং-৬ এর বেসমেন্ট ভবন নির্মাণের প্রস্তাবটি নতুন প্রকল্পের জন্য অন্তর্ভুক্ত করণের সিদ্ধান্ত গৃহীত হয়। বিস্তারিত আলোচনান্তে বিশেষ শর্তাধীনে ক্যান্টনমেন্ট আবাসিক এলাকায় বেসমেন্ট ফ্লোর নির্মাণের লক্ষ্যে ক্যান্টনমেন্ট বোর্ডের বাইল'জ এ বিষয়টি অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো। প্রয়োজনীয় সংশোধনী/অন্তর্ভুক্তির জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের পূর্বে উর্ধ্বতন সেনাকর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে।

প্রস্তাব নং- ১৭-বিবিধ (১):

মহাখালী ডিওএইচএস এলাকার বাড়ী নং-বি/১০৩ এর মালিক মেজর জেনারেল বুলুল আলম চৌধুরী (অব) এর ২০০১-২০০২ সালের জন্য গৃহকর মোট ১৭,২৫০/-টাকা নির্ধারণ করা হয়েছিল। উক্ত বাড়ীর মালিক তার ০২-০৬-২০০২ তারিখের আবেদনে জানান যে, বাড়ীটির নীচতলা ৩১ অক্টোবর, ২০০১ তারিখ পর্যন্ত ভাড়া ছিল এর পর হতে তিনি উহা নিজ বসতি হিসেবে ব্যবহার করার কারণে গৃহকর নির্ধারণের জন্য আবেদন করেন। ক্যান্টনমেন্ট এ্যাক্ট ১৯২৪ এর ৭৬ ধারা মোতাবেক ৬০ দিনের অতিরিক্ত খালি থাকলে গৃহকর পুনর্নির্ধারণের ব্যাপারে বোর্ড ক্ষমতাবান বিধায় সংশ্লিষ্ট কর্মকর্তার ২০০১-২০০২ সালের গৃহকর মোট ৩,৬৯০/-টাকা অনুমোদনের বিষয়ে বিবেচনাকরণ।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টি বিস্তারিত আলোচনান্তে উহা ইতোপূর্বে গঠিত রিভিউ কমিটির নিকট উপস্থাপন করে চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া ভবিষ্যতে অনুরূপ কেইস রিভিউ কমিটি কর্তৃক চূড়ান্ত করার সিদ্ধান্ত প্রদান করা হলো।

প্রস্তাব নং- ১৭-বিবিধ(২) :

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত (ক) হাজী মহসিন ক্রসিং (খ) শহীদ সরণি ও স্বাধীনতা সরণি ক্রসিং (গ) রজনীগন্ধা সুপার মার্কেটের নিকটবর্তী স্বাধীনতা সরণি ক্রসিং (ঘ) রজনীগন্ধা সুপার মার্কেট ক্রসিং এর নিয়ন্ত্রণ

চলমান পাতা - ৮

সিইও

সংকেত বাতির রক্ষণাবেক্ষনের জন্য ২০০১-২০০২ আর্থিক সালে নির্ধারিত প্রতি সংকেত বাতি প্রতি মাসে সাধারণ মেরামত বাবদ ৭০০/- (সাতশত) টাকার দর আগামী ২০০২-২০০৩ সালের জন্য নবায়ন করার বিষয়ে মাইক্রো ইলেকট্রনিক্স লিঃ এর ০৮ এপ্রিল, ২০০২ তারিখের স্মারক নং- মাইক্রো-ঢাক্যাবো/০-১-১৩৫ এর উপর আলোচনা ও সিদ্ধান্ত। পত্রটি বোর্ডসভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। ৪(চার)টি পয়েন্টের সিগন্যাল বাতি নিয়ন্ত্রণের জন্য মাইক্রো ইলেকট্রনিক্স ০১ জুলাই, ২০০১ হতে ৩০ জুন, ২০০২ তারিখ পর্যন্ত রক্ষণাবেক্ষণের নিমিত্তে প্রতি পয়েন্টের জন্য প্রতিমাসে ৭০০/- (সাতশত) টাকা চুক্তি দেওয়া হয় মর্মে আলোচনায় জানা যায়। আগামী এক বছরের (১ জুলাই, ২০০২ হতে ৩০ জুন, ২০০৩ পর্যন্ত) জন্য দরটি বেশী বিবেচিত হওয়ায় এ ব্যাপারে বোর্ডের কারিগরী সদস্য সিএমইএস(আর্মি) এর পরামর্শ অনুযায়ী পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হোক। তবে সিগন্যাল বাতি নিয়ন্ত্রণ ব্যবস্থায় যাতে কোন ব্যাঘাত না ঘটে সেজন্য সিএমইএস(আর্মি) এর পরামর্শ ও বোর্ডসভার চূড়ান্ত সিদ্ধান্তের পূর্ব পর্যন্ত মাইক্রো ইলেকট্রনিক্স লিঃ এর কার্যক্রম অব্যাহত থাকবে।

প্রস্তাব নং-১৭-বিবিধ (৩) :

মেসার্স গাজী এন্ড কোম্পানী লিমিটেড কর্তৃক ২২-৩-৯৯ তারিখে সম্পাদিত মহাখালী ডিওএইচএস এলাকার ইষ্টার্ন রোডের পূর্বপার্শ্বে রেল লাইন সংলগ্ন মাস্টার ড্রেন বর্ধিত করণ এবং ৭ নং রোডের পার্শ্বে ড্রেন নির্মাণ কাজের জামানত ফেরৎ প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্বিষয়ে মেসার্স গাজী এন্ড কোম্পানী লিমিটেড এর ১৭ জুন, ২০০২ তারিখের আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনাতে জানা যায় যে, অত্র দপ্তরের প্রাক্তন ঠিকাদার মেসার্স গাজী এন্ড কোং লিঃ তিন বছরের অধিককাল পূর্বে বিষয়ে বর্ণিত কাজ সম্পন্ন করেছেন। তৎকালীন সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারের সন্তোষজনক মতামতের উপর ভিত্তি করে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার উক্ত কাজের চূড়ান্ত বিল প্রদান করেছেন। চূড়ান্ত বিল হতে নিরাপত্তা জামানত হিসেবে মোট বিলের শতকরা ১০/- (দশ) টাকা হারে অর্থাৎ ৯,২৮,৭০৭/- টাকার ১০% = ৯২,৮৭০/- (বিরানবই হাজার আটশত সত্তর) টাকা কর্তন করা হয়েছে। সংশ্লিষ্ট কাজটি রক্ষণাবেক্ষণ পিরিয়ড এক বছর অতিক্রান্ত হওয়ায় এবং বর্তমানে কাজটি ত্রুটিমুক্ত আছে বলে বর্তমান ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার মতামত ব্যক্ত করায় সংশ্লিষ্ট ঠিকাদারের জামানতের যাবতীয় অর্থ ফেরৎ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৭-বিবিধ(৪) :

ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ রোড নং-৪ এর ৯৬ নং (নীচতলা) বাসাটির মেরামত ও চুনকামের জন্য ২১,৩০৭/- (একুশ হাজার তিনশত সাত) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত : ২১,৩০৭/- (একুশ হাজার তিনশত সাত) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। সংশ্লিষ্ট স্টাফ কোয়ার্টারের মেরামত বাবদ যাবতীয় অর্থ পরিত্যক্ত সম্পত্তি পরিচালনা সংস্থার ফান্ড হতে ব্যয় করার অনুমোদনসহ ২১,৩০৭/- টাকার মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

চলমান পাতা - ৯

প্রস্তাব নং-১৭-বিবিধ (৫) :

ঢাকা সেনানিবাসস্থ বহুতল ভবন বর্ণালী ও আশালতার সম্মুখে শিশুদের খেলাধুলার জন্য একটি ডাবল দোলনা ও দুটি সি-স স্থাপনকরণের ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৬ জুন, ২০০২ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১৫৮-৪/শা-৮/১৬ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : সংশ্লিষ্ট পত্রটি অবলোকন করা গেল। ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রেরিত ১৩ এপ্রিল, ২০০২ তারিখের ঢাক্যাবো/এলএ/১৬/২/১৮ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট কাজের জন্য ৪০,৬২১/- (চল্লিশ হাজার ছয় শত একুশ) টাকার মূল্যানুমান সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। অতঃপর সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক মূল্যানুমানটি গাণিতিক পরীক্ষার পর দেখা যায় যে, উক্ত মূল্যানুমানে ৪৪/- (চয়াল্লিশ) টাকা মাত্র বেশী ধরা হয়েছে। যা সংশোধনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের বিষয়ে বর্ণিত পত্রের মাধ্যমে অত্র দপ্তরে ফেরৎ পাঠানো হয়েছে। প্রসংগক্রমে উল্লেখ্য যে, ক্যান্টনমেন্ট বোর্ডের কোন মূল্যানুমানই বোর্ডসভার অনুমোদন ব্যতীরেকে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হয় না। উপরন্তু ক্যান্টনমেন্ট বোর্ডসভা সাধারণত ৩০(ত্রিশ) দিনের কম সময়ে অনুষ্ঠিত হয় না। কোন কোন সময় দুই তিন মাস পরও বোর্ডসভা অনুষ্ঠিত হয়ে থাকে। মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের/সংশোধনের সর্বময় ক্ষমতা পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের যা একাউন্টস্ কোড ১৯৫৫ এর ১৮(আঠার) অনুচ্ছেদে বর্ণনা করা আছে। মেরামত/প্রকল্প কাজ দ্রুত বাস্তবায়নের স্বার্থে এ ধরনের ছোট-খান ভুল-ভ্রান্তি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক সংশোধন করে মূল্যানুমানটি পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদন করাই যুক্তিযুক্ত বলে বোর্ড মনে করে। বিষয়টি পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর মহোদয়ের নজরে নেয়ার জন্য সিইওকে অনুরোধ করা হলো। যা হোক বিষয়োক্ত কাজের জন্য ৪০,৬২১/- (চল্লিশ হাজার ছয়শত একুশ) টাকার মূল্যানুমানটি সংশোধন করে উহার স্থলে ৪০,৫৭৭/- (চল্লিশ হাজার পাঁচশত সাতাত্তর) টাকার মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-১৭-বিবিধ (৬) :

ঢাকা সেনানিবাসস্থ বারিধারা ডিওএইচএস এলাকার দ্বিতীয় ধাপের লেইন নং-৫, ৬ ও ৮ এর পশ্চিমাংশের রাস্তা মেরামত ও কার্পেটিংকরণের বিষয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৬ জুন, ২০০২ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৩১২-১১/শা-৮/১০৮ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত। পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের সংশ্লিষ্ট পত্রটি অবহিত হওয়া গেল। বিস্তারিত আলোচনান্তে জানা যায় যে, বারিধারা ডিওএইচএস এলাকার লেইন নং- ৫, ৬ ও ৮ এর পশ্চিমাংশে রাস্তার পার্শ্বে ৫০% বাড়ী নির্মিত হয়েছে। সেমতে সংশ্লিষ্ট এলাকার লেইন নং- ৫, ৬ ও ৮ এর পশ্চিমাংশ- এর জন্য যথাক্রমে ৫,০২,৭৯২/- (পাঁচ লক্ষ দুই হাজার সাতশত বিরানব্বই) টাকা, ৫,০২,৭৯২/- (পাঁচ লক্ষ দুই হাজার সাতশত বিরানব্বই) টাকা এবং ৪,০৩,৯৪৬/- (চার লক্ষ তিন হাজার নয়শত ছেচল্লিশ) টাকার মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে পুনরায় প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা - ১০


সিইও

প্রস্তাব নং-১৭-বিবিধ (৭) :

ডেসা কর্তৃক কর্তনকৃত শহীদ মঈনুল রোড ও শহীদ সরণিস্থ পুরাতন লগ এরিয়ার গেইট এবং বিএনএস হাজী মহসিনের দক্ষিণের রাস্তা মেরামত ও কার্পেটিংকরণের নিমিত্তে ৩০,৭৫৬/- (ত্রিশ হাজার সাতশত ছাপ্পান্ন) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত : সংশ্লিষ্ট কাজের জন্য ৩০,৭৫৬/- (ত্রিশ হাজার সাতশত ছাপ্পান্ন) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। মূল্যানুমানটি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-১৭-বিবিধ (৮) :

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য ১৩টি ১.৫ টন ক্ষমতা সম্পন্ন এবং ওটির জন্য আরো ০১(এক)টি ২(দুই)টনি এয়ারকুলার ০১-০৭-২০০২ তারিখ হতে ভাড়া করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসঙ্গে সিজিএইচ এর চীফ মেডিকেল অফিসারের ২০-৬-২০০২ তারিখের আবেদনপত্র উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য ১৩(তের)টি ১.৫ টন ক্ষমতা সম্পন্ন এবং ওটির জন্য আরো ০১(একটি) ০২(দুই) টন ক্ষমতা সম্পন্ন এয়ারকুলার ০১/৭/২০০২ হতে ভাড়া করার বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নীতিগতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া পর্যায়ক্রমে নিজস্ব এয়ারকুলার ক্রয়ের মাধ্যমে চাহিদা পূরণের পর ভাড়া এয়ারকুলার চালু না রাখার ব্যাপারেও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। আলোচনার এক পর্যায়ে সভাপতি মহোদয় স্থানীয় সিএসডি অথবা অন্য কোন সংস্থা হতে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য ১২(বার)টি এয়ারকুলার কিস্তিতে ক্রয়ের ব্যাপারে নিজে উদ্যোগ গ্রহণ করবেন মর্মে সভাকে অবহিত করেন।

প্রস্তাব নং- ১৭-বিবিধ (৯) :

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডকর্তৃক পরিচালিত ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য দুটি এয়ারকুলার ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসঙ্গে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২২-৬-২০০২ তারিখের ৭/এমএলএভসি/ঢাকা/২৪-৪/শা-২/৪০ নং পত্র উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পরিচালিত ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য ২(দুই)টি এয়ার কুলার ক্রয়ের বিষয়ে আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ডের ১৩/১১/২০০১ইং তারিখের ঢাক্যাবো/এমএস/২/১১/১১১ নং পত্রের মাধ্যমে অপারেশন থিয়েটারের জন্য দু'টনি এয়ার কুলার একটি এবং কেবিনের জন্য দেড়টনি এয়ার কুলার একটি সর্বমোট ৬৬,০০০/- (ছেষটি হাজার) টাকা ব্যয়ে ক্রয়ের অনুমোদন চাওয়া হলে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে সাকুল্য ব্যয় জেনারেল হাসপাতালের এমও ফি এবং স্টাফ ফি ফান্ড হতে ব্যয় নির্বাহ শর্তে অনুমোদন প্রদান করা হয়। তবে ক্রয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন করে ব্যয়ের অনুমোদনের জন্য অধিদপ্তরে প্রেরণের পরামর্শ দেওয়া হয়। এয়ার কুলার দুটি সিএসডি

চলমান পাতা - ১১


সিইও

ঢাকা সেনানিবাস হতে ক্রয়ের ব্যাপারে ১০/১/২০০২ইং তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় প্রস্তাব নং-৭ এ সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯/১/২০০২ইং তারিখের ঢাক্যাবো/এমএস/২/১১/১৬১ নং পত্রের মাধ্যমে স্যামসাং কোম্পানীর এয়ার কুলার দুটি ঢাকা সিএসডি হতে ক্রয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে অনুরোধ করা হয়। ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২৭/২/২০০২ইং তারিখের ঢাক্যাবো/এমএস/২/১১/১৭২ নং পত্রে ৬৬,০০০/- (ছেষাটি হাজার) টাকা ব্যয়ে সিএসডি হতে এয়ার কুলার ক্রয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে পুনরায় অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২০/৩/২০০২ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২৪-৪/শা-৮/৩৪ নং পত্র মোতাবেক বোর্ডসভার সিদ্ধান্তের আলোকে এয়ার কুলার দুটি ক্রয়ের ব্যাপারে পরবর্তী কার্যক্রম গ্রহণের অনুমতি দেয়া হয়। উক্ত পত্র প্রাপ্তির পর স্যামসাং কোম্পানীর বর্ণিত এয়ার কুলার দুটি কত দিনের মধ্যে সরবরাহ করা যাবে এবং তার বর্তমান দাম কত তা জানানোর জন্য সিএসডি-কে পত্র লেখা হলে সিএসডি হতে জানানো হয় যে, বর্ণিত এয়ার কুলার দুটির দাম যথাক্রমে দু'টন-৪১,২০০/-টাকা এবং দেড় টন-৩২,৯৬০/- টাকাসহ সর্বমোট ৭৪,১৬০/- (চুয়াত্তর হাজার একশত ষাট) টাকা অর্থাৎ পূর্বের চেয়ে ৮,১৬০/- টাকা বেশী। এমতাবস্থায়, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ০৬/৪/২০০২ইং তারিখে ঢাক্যাবো/এমএস/২/১১/১৮২ নং পত্রের মাধ্যমে বর্ণিত এয়ার কুলার দুটি ক্রয়ের জন্য সর্বমোট ৭৪,১৬০/- টাকা ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে অনুরোধ করা হয়। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২০/৪/২০০২ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২৪-৪/৩৬ নং পত্রের মাধ্যমে এয়ার কুলার ক্রয়ের জন্য ৭৪,১৬০/- (চুয়াত্তর হাজার একশত ষাট) টাকা ব্যয়ের অনুমোদন দিলেও দরপত্র আহ্বানের মাধ্যমে ক্রয়ের পরামর্শ দেওয়া হয়। পরামর্শ অনুযায়ী “এয়ার কুলার ক্রয় বিজ্ঞপ্তি” ০৮/৫/২০০২ইং তারিখে “দৈনিক ইনকিলাব” পত্রিকায় প্রচার করা হয়। বিজ্ঞপ্তি প্রচারের পর ১৫/৫/২০০২ইং তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। উক্ত ০৩(তিন)টি দরপত্রের মধ্যে মেসার্স মায়া এন্টারপ্রাইজ, সিবি/১২০, কচুক্ষেত পুমান বাজার কর্তৃক প্রদত্ত ৯৪,০০০/- টাকার দর সর্বনিম্ন হয়। যা স্থানীয় সিএসডি প্রদত্ত দর হতে প্রায় ২০,০০০/- টাকা বেশী। অতএব সরকারী অর্থ সাশ্রয়ের লক্ষ্যে প্রাপ্ত টেন্ডারসমূহ বাতিল করা গেল এবং সিএসডি হতে এয়ার কুলার দুটি ক্রয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে পত্র লেখার নিমিত্তে সিইওকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১৭-বিবিধ (১০) :

প্রধান কার্যালয়, সি এস ডি বাংলাদেশ, ঢাকা সেনানিবাসের পত্র নং- এডমিন/৫৪/ডিওএইচএস মহাখালী/৪৫, তারিখ ২৯/৫/২০০২ -এর মাধ্যমে সিএসডি ফ্রেস কর্ণার ডিওএইচএস মহাখালী -এর নিজস্ব ব্যবস্থাপনায় স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে তাঁদের পত্র খানা এবং একটি নকশা উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : প্রধান কার্যালয়, সিএসডি বাংলাদেশ, ঢাকা সেনানিবাসের পত্র নং- এডমিন/৫৪/ডিওএইচএস মহাখালী/৪৫ তারিখ ২৯/৫/২০০২ইং এর মাধ্যমে সিএসডি ফ্রেস কর্ণার ডিওএইচএস মহাখালী এর নিজস্ব ব্যবস্থাপনায় স্থাপনের বিষয়ে বিস্তারিত পর্যালোচনায় দেখা যায় যে, প্রস্তাবিত ফ্রেস কর্ণারের জায়গাটি “সি” শ্রেণীভুক্ত নয়

চলমান পাতা- ১২

সিইও

বিধায় এ বিষয়ে এমইও-এর সাথে যোগাযোগ করা যেতে পারে। বিষয়টি প্রধান কার্যালয়, সিএসডি বাংলাদেশ, ঢাকা সেনানিবাসকে জ্ঞাত করানোর জন্য সিইও-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং- ১৭-বিবিধ (১১):

ডিওএইচএস বারিধারা প্লট নং-৩২২/৫ -এ সিএসডি'র নিজস্ব খরচে একটি কটেজ সেডে হালকা নাস্তার দোকানটি ৩(তিন) বছরের জন্য মাসিক ১,০০০/- (এক হাজার) টাকা ভাড়া প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে তাদের পত্র নং এডমিন/৫৪/ডিওএইচএস বারিধারা/১৮, তারিখ ২৬/৫/২০০২ ইং উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টি বিস্তারিত আলোচনান্তে ০১ জুলাই, ২০০২ হতে ৩০ জুন, ২০০৩ পর্যন্ত ১(এক) বছরের জন্য সিএসডি'র নিজস্ব খরচে নির্মিত ফ্রেশ কর্ণারটি মাসিক ১,০০০/- (এক হাজার) টাকা ভাড়ায় অনুমোদন করা হলো। সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক মাসিক ভাড়া প্রত্যেক চলতি মাসের প্রথম সপ্তাহে পরিশোধ করতে হবে এবং বোর্ডের প্রয়োজনে ১৫(পনের) দিনের নোটিশে জায়গা ছেড়ে দিতে হবে। এ ব্যাপারে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ক্যান্টিন ইজারার যে সমস্ত শর্ত রয়েছে উহা সংগ্রহপূর্বক উহার আলোকে সিএসডি'র সহিত চুক্তিপত্র সম্পাদনের জন্য সিইও, ঢাকা ক্যান্টিনমেন্টকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১৭-বিবিধ (১২) :

ঢাকা সেনানিবাস এলাকা ওয়াসার পয়ঃনিষ্কাশন ব্যবস্থার আওতায় আনা প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা সেনানিবাস এলাকাটি ঢাকা মহানগরীর পুরাতন বিমান বন্দর হতে জিয়া আন্তর্জাতিক বিমান বন্দর পর্যন্ত বিস্তীর্ণ এলাকা জুড়ে অবস্থিত। এখানে সামরিক স্থাপনা ছাড়াও বিশিষ্ট বেসামরিক ব্যক্তিবর্গের পারিবারিক বাসস্থান রয়েছে। ঢাকা সেনানিবাসে বর্তমানে ৫০/৬০ হাজার লোক বাস করেন। কিন্তু এলাকাটি এখনও ঢাকা মহানগরীর পয়ঃপ্রণালীর আওতায় আনা হয়নি। ফলে পয়ঃনিষ্কাশনে ভীষণ অসুবিধা হচ্ছে। যা জনস্বাস্থ্যের জন্য হুমকী স্বরূপ। সেমতে ঢাকা সেনানিবাসকে ওয়াসার পয়ঃনিষ্কাশন ব্যবস্থার আওতায় আনার জন্য জনস্বার্থে ঢাকা ওয়াসায় প্রস্তাব প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-১৭-বিবিধ (১৩) :

ঢাকা ক্যান্টিনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণ :-

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী	সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম	সর্বনিম্ন উদ্ধৃত দর	সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর
(১)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের প্রথম ধাপে বিভিন্ন রাস্তা সলিৎকরণ- "থুপ-ক"।	১৩,২৫,৪৪৬/-	মেসার্স চাষী কনস্ট্রাকশন।	৩৮% উর্ধ্ব	৩২.৫০% উর্ধ্ব
(২)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের প্রথম ধাপে বিভিন্ন রাস্তা সলিৎকরণ- "থুপ-খ"।	১৩,১৮,৪৪৩/-	মেসার্স এ কে কনস্ট্রাকশন।	৪০% উর্ধ্ব	৩২.৫০% উর্ধ্ব

চলমান পাতা - ১৩

সিইও

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী	সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম	সর্বনিম্ন উদ্ধৃত দর	সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর
(৩)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের প্রথম ধাপে বিভিন্ন রাস্তা সলিংকরণ- "গ্রুপ-গ"।	১৩,১৮,৪৪৩/-	মেসার্স ঢাকা কনস্ট্রাকশন।	৩৫% উর্ধ্ব	৩২.৫০% উর্ধ্ব
(৪)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের প্রথম ধাপে বিভিন্ন রাস্তা সলিংকরণ- "গ্রুপ-ঘ"।	১৩,১৮,৪৪৩/-	মেসার্স দি ইউনিক ইঞ্জিনিয়ার্স।	৪৬.৭৫% উর্ধ্ব	৩২.৫০% উর্ধ্ব
(৫)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের প্রথম ধাপে বিভিন্ন রাস্তা সলিংকরণ- "গ্রুপ-ঙ"।	১১,২৯,২৪৭/-	মেসার্স এম আর এন্টারপ্রাইজ।	৩৯% উর্ধ্ব	৩২.৫০% উর্ধ্ব
(৬)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের প্রথম ধাপে বিভিন্ন রাস্তা সলিংকরণ- "গ্রুপ-জ"।	১০,৬৪,৬৬৫/-	মেসার্স মিলন এন্টারপ্রাইজ।	৪৪.৯৫% উর্ধ্ব	৩২.৫০% উর্ধ্ব
(৭)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের প্রথম ধাপে বিভিন্ন রাস্তা সলিংকরণ- "গ্রুপ-ঝ"।	২৪,৭৪,০৮৫/-	মেসার্স ভূইয়া কনস্ট্রাকশন।	৩৯% উর্ধ্ব	৩২.৫০% উর্ধ্ব
(৮)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের প্রথম ধাপে বিভিন্ন রাস্তা সলিংকরণ- "গ্রুপ-ঞ"।	১৪,৫৭,২৮৭/-	মেসার্স ঢাকা কনস্ট্রাকশন।	৩৫% উর্ধ্ব	৩২.৫০% উর্ধ্ব
(৯)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের প্রথম ধাপে বিভিন্ন রাস্তা সলিংকরণ- "গ্রুপ-ট"।	৬,২৭,৬৮৮/-	মেসার্স লাকী ট্রেডার্স।	৩৯% উর্ধ্ব	৩২.৫০% উর্ধ্ব

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। বোর্ডের কারিগরি সদস্য সিএমইএস(আর্মি) সভাকে অবহিত করেন যে, বর্তমানে এমইএস এর অনুরূপ কাজের সহিত সামঞ্জস্য রেখে কাজগুলির সর্বনিম্ন দর (ভেটিং) করা হয়েছে। সিএমইএস(আর্মি) কর্তৃক ভেটিংকৃত ক্রমিক নং -১ হতে ৯ পর্যন্ত নয়টি কাজের নিম্নবর্ণিত দরসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। উক্ত অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে তাদের নিকট হতে সম্মতিপত্র গ্রহণপূর্বক সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ব্যয়ের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হোক।

(১) ৩২.৫০% উর্ধ্বদর অনুমোদিত।

(২) ৩২.৫০% উর্ধ্বদর অনুমোদিত।

(৩) ৩২.৫০% উর্ধ্বদর অনুমোদিত।

(৪) ৩২.৫০% উর্ধ্বদর অনুমোদিত।

(৫) ৩২.৫০% উর্ধ্বদর অনুমোদিত।

(৬) ৩২.৫০% উর্ধ্বদর অনুমোদিত।